ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২১৭৩
বিলোনীয়া, ৬ আগস্ট, ২০২৫

**বিলোনীয়ার রাজনগরে সহায়কমূল্যে ধান কেনা শুরু**

গতকাল থেকে বিলোনীয়ার রাজনগর নিউ মোটরস্ট্যান্ড কমপ্লেক্সে শুরু হয়েছে চলতি মরশুমে কৃষকদের কাছ থেকে ন্যূনতম সাহায়ক মূল্যে ধান ক্রয়। গতকাল এর উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক স্বপ্না মজুমদার, রাজনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান বিশ্বজিৎ নাথ প্রমুখ। এখানে ধান ক্রয় চলবে ১০ আগস্ট পর্যন্ত। খাদ্য, জনসংভরণ ও ক্রেতা স্বার্থ বিষয়ক দপ্তরের উদ্যোগে এবং কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের সহযোগিতায় শুরু হওয়া এই কেন্দ্রে প্রথমদিন ২৬ জন কৃষকের কাছ থেকে ৭০ হাজার ৪১৪ কেজি ধান ক্রয় করা হয়েছে কুইন্টাল প্রতি ২৩০০ টাকা ন্যূনতম সহায়ক মূল্যে। বিলোনীয়াস্থিত খাদ্য, জনসংভরণ ও ক্রেতা স্বার্থ বিষয়ক দপ্তরের মহকুমা কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

********